**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/3/2023 **গভর্নর ক্যাথি হোকল**

## CUNY-এর শিক্ষানবিশ কর্মসূচির 2 মিলিয়ন ডলারের সম্প্রসারণ সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

### *শিক্ষানবিশ কর্মসূচি তিনগুণ বৃদ্ধি পাবে এবং নিউ ইয়র্ক জবস CEO কাউন্সিলের সঙ্গে সহযোগিতার মাধ্যমে অ্যাসোসিয়েট ডিগ্রি অফার করা 10টি CUNY কলেজের সবগুলোতে এটি চালু হবে*

### *শিক্ষানবিশ কর্মসূচির শিক্ষার্থীরা বেতন পাবে, কোর্স ক্রেডিট অর্জন করবে এবং হাতে কলমে কাজের অভিজ্ঞতা অর্জন করবে*

গভর্নর ক্যাথি হোকল আজ 2023 সালের শরতকালীন সেমিস্টার থেকে শুরু হতে যাওয়া অ্যাসোসিয়েট ডিগ্রির জন্য সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্কে (City University of New York) 12টি শিক্ষানবিশ কর্মসূচি যোগ করার জন্য স্টেটের 2 মিলিয়ন ডলার বিনিয়োগ করার কথা ঘোষণা করেছেন, যা চাহিদাসম্পন্ন শিল্পখাতগুলোতে ক্রেডিট অর্জনকারী শিক্ষানবিশ হিসেব অংশগ্রহণ করার জন্য CUNY-এর প্রদান করা সুযোগ ব্যাপভাবে সম্প্রসারণ করছে। এসব সংযোজন সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, কনসাল্টিং, ফাইন্যান্স, ঝুঁকি ব্যবস্থাপনা ও সাইবার নিরাপত্তা বিষয়ে CUNY অ্যাসোসিয়েট ডিগ্রি প্রোগ্রামগুলোর মধ্যে ইতোমধ্যে বিদ্যমান পাঁচটি শিক্ষানবিশ প্রোগ্রামের সঙ্গে যোগ হচ্ছে।

"শিক্ষানবিশ হিসেবে কাজ করা ভালো বেতনের, প্রভাবপূর্ণ ক্যারিয়ার শুরু করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি পদক্ষেপ এবং CUNY-এর শিক্ষার্থীদের জন্য একটি শক্তিশালী কর্মসূচি গড়ে তুলতে পেরে আমরা গর্বিত," **বলেছেন গভর্নর হোকল।** "2 মিলিয়ন ডলারের এই বাড়তি বিনিয়োগের মাধ্যমে, আমরা অ্যাসোসিয়েট ডিগ্রি প্রোগ্রামগুলোর জন্য শিক্ষানবিশ কর্মসূচি সম্প্রসারণ করতে এবং স্টেটজুড়ে নিউ ইয়র্কবাসীদের জন্য নতুন সুযোগ-সুবিধা চালু করতে সক্ষম হচ্ছি।"

নতুন শিক্ষানবিশ প্রোগ্রাম অ্যাসোসিয়েট ডিগ্রি অফারকারী 10টি CUNY কলেজের সবগুলোতে চালু হবে; সাতটি CUNY কমিউনিটি কলেজের পাশাপাশি কলেজ অব স্ট্যাটেন আইল্যান্ড (College of Staten Island), মেডগার এভার্স কলেজ (Medgar Evers College) এবং নিউ ইয়র্ক সিটি কলেজ অব টেকনোলজি (New York City College of Technology) দুই-বছর মেয়াদী

ডিগ্রি অফার করছে। শিক্ষানবিশ কর্মসূচির আয়োজনকারী নিয়োগকর্তারা শিক্ষার্থীদেরকে বেতন দেবেন, এবং শিক্ষার্থীরা নয় কোর্স ক্রেডিট অর্জন করবে।

**সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্কের চ্যান্সেলর ফেলিক্স ভি. মাতোস রডরিগেজ বলেন,** "শিক্ষানবিশ হিসেবে কাজ করা সবসময় তরুণ ব্যক্তিদের জন্য বিভিন্ন খাতে প্রবেশ করার একটি চমৎকার পথ হিসেবে কাজ করে আসছে, যা তাদেরকে সহায়তা ছাড়া কাজ করার জন্য প্রস্তুত হয়ে উঠার আগ পর্যন্ত হাতে-কলমে কাজ করার অভিজ্ঞতা প্রদান করছে। শ্রেণিকক্ষের গণ্ডির বাইরে কর্মস্থলে শিক্ষার্থীদের আগের চেয়ে অনেক বেশি অভিজ্ঞতা ও যোগাযোগের প্রয়োজন হয় যাতে তাদের শিক্ষাজীবন শেষ হওয়ার পরে তাদের সামনে ক্যারিয়ার বেছে নেওয়ার সুস্পষ্ট পথ থাকে। আমাদের শিক্ষার্থীদের উপর বিনিয়োগ করার জন্য আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ, এবং আমাদের কর্মীদলকে শক্তিশালী করার জন্য সহযোগী হয়ে কাজ করার এই সময়ে নিজেদের অফিসগুলোতে উচ্চ চাহিদাসম্পন্ন চাকরিগুলোর দুই বছর মেয়াদী ডিগ্রি প্রোগ্রামের জন্য আমাদের শিক্ষার্থীদেরকে স্বাগত জানানোর জন্য আমরা নিয়োগকর্তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।"

জে পি মরগান চেজ (JPMorgan Chase), EY, সিটি (Citi), আমেরিকান এক্সপ্রেস (American Express), ডেলয়েট (Deloitte), AIG, মাস্টারকার্ড (Mastercard) এবং ওয়েলসা ফার্গো (Wells Fargo), ইত্যাদি কোম্পানিতে শিক্ষার্থীদের প্লেসমেন্ট হবে, যেগুলোর সবকটি নিউ ইয়র্ক জবস CEO কাউন্সিলের (New York Jobs CEO Council) অংশ। এই জবস কাউন্সিল সিটির সবচেয়ে বড় কিছু নিয়োগদাতা প্রতিষ্ঠানের CEO-দের একটি কোয়ালিশন যেটির লক্ষ্য হলো এই দশকের শেষ নাগাদ 25,000 CUNY শিক্ষার্থী ও গ্র্যাজুয়েট সহ 100,000 নিম্ন-আয়ের ও বৈচিত্র্যপূর্ণ নিউ ইয়র্কবাসীর কর্মসংস্থানের ব্যবস্থা করা।

**নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন,** "CUNY-এর একজন গ্র্যাজুয়েট হিসেবে নিউ ইয়র্কবাসীর জন্য এই প্রতিষ্ঠানটি কত বেশি সুযোগ-সুবিধা প্রদান করছে তা আমার জানা আছে। শিক্ষানবিশ কর্মসূচিগুলো শিক্ষার্থীদেরকে বাস্তব-জগতের দক্ষতা ও অভিজ্ঞতা প্রদান করে যা তাদেরকে নিজেদের আগ্রহের বিষয়ে উন্নতি অর্জন করতে সাহায্য করে এবং তাদেরকে একটি অধিকতর উজ্জ্বল ভবিষ্যতের পথে এগিয়ে নিয়ে যায়। CUNY-এর শিক্ষানবিশ কর্মসূচির জন্য গভর্নর হোকলের 2 মিলিয়ন ডলারের বিনিয়োগের ফলে, সব শিক্ষার্থী, বিশেষ করে আমাদের কৃষ্ণাঙ্গ ও বাদামী বর্ণের শিক্ষার্থীরা ফাইন্যান্স, টেকনোলজি এবং অন্যান্য খাতে ভালো বেতনের কর্মসংস্থান খুঁজে নেওয়ার আরো বেশি সুযোগ লাভ করবে।"

**নিউ ইয়র্ক জবস CEO কাউন্সিলের এক্সিকিউটিভ ডিরেক্টর কিয়েস্টান বারনেট বলেন,** "এসব কর্মসূচি শিক্ষার্থী ও নিয়োগকর্তা উভয়ের জন্য যুগান্তকারী ভূমিকা পালন করে। শিক্ষার্থীরা কাজ-ভিত্তিক শেখার সুযোগ পায় যা প্রতিযোগিতামূলক এন্ট্রি-লেভেল পদগুলোতে যাওয়ার সরাসরি পথ হিসেবেও কাজ করে। নিয়োগকর্তারা আমাদের সিটির বৈচিত্র্যকে প্রতিফলিত করে এমন অধিকতর বিস্তৃত একটি ট্যালেন্ট পুলের অ্যাক্সেস পায়।"

**বরো অব ম্যানহাটন কমিউনিটি কলেজের (Borough of Manhattan Community College) শিক্ষার্থী বেঞ্জামিন আব্রাহাম** — যিনি ইতোমধ্যে পেশাদার পরিষেবা প্রদানকারী

ফার্ম EY-তে শিক্ষানবিশ হিসেবে অংশগ্রহণ করেছেন — বলেন, "নেটওয়ার্কিং অনেক বেশি সহায়ক ভূমিকা রেখেছে, যেখানে আমরা হলের যেকোনো ব্যক্তির কাছে গিয়ে তার সার্ভিস লাইন সম্পর্কে, তারা যে কাজ করছেন সেটি সম্পর্কে তাকে জিজ্ঞেস করতে পারি। এধরনের বড় কোম্পানিতে আসার অনুভূতি বিশাল একটি পর্বতে আরোহন করার মতো, কিন্তু একটি বন্ধুত্বপূর্ণ টিম পাওয়ায় এটি একটি চমৎকার অভিজ্ঞতা ছিল।"

আব্রাহাম এবং EY-তে তার সঙ্গী শিক্ষানবিশরা অনসাইটে থাকাকালীন সপ্তাহের চার দিন প্রোগ্রাম ফ্যাসিলিটেটরদের পাশে বসেন। সুনির্দিষ্ট টিমে নিযুক্ত হওয়ার পাশাপাশি শিক্ষানবিশদের সঙ্গে সপ্তাহে কমপক্ষে একবার অতিথি বক্তাদের সাক্ষাত হয়; তাদের সঙ্গে সাক্ষাত করতে আসা উর্ধ্বতন নেতৃবৃন্দ নিজেদের ক্যারিয়ারে কিভাবে অগ্রগতি অর্জন করেছেন সে সম্পর্কে কথা বলেন এবং নিজেদের শিল্পখাত সম্পর্কে বক্তব্য রাখেন।

**EY মেট্রো নিউ ইয়র্ক অফিস ম্যানেজিং পার্টনার অ্যালিসিয়া স্টেইনম্যান বলেন**, "নিউ ইয়র্কের একটি বৃহৎ নিয়োগকর্তা হিসেবে, কলেজের শিক্ষানবিশ কর্মসূচি গ্রহণ করাটা চোখ খুলে দেওয়ার মতো একটি ব্যাপার হিসেবে কাজ করে আসছে, যা আমাদের বর্তমান নিয়োগের মানদণ্ডকে চ্যালেঞ্জ করতে এবং কেন নির্দিষ্ট কিছু পদের জন্য আমরা চার বছর মেয়াদী কলেজ ডিগ্রির আবশ্যিকতা রেখেছি সে ব্যাপারে প্রশ্ন তুলতে আমাদেরকে বাধ্য করেছে। আমাদের দ্রুত পরিবর্তনশীল এই বিশ্বে, আমাদের অবশ্যই দ্রুত নতুন প্রযুক্তির সঙ্গে মানিয়ে নিতে হবে, এবং নিয়োগের ক্ষেত্রেও আমাদেরকে এই ভাবনা কাজে লাগাতে হবে। CUNY স্কুলগুলোর দক্ষ শিক্ষার্থীদেরকে অন্তর্ভুক্ত করার জন্য আমাদের নিয়োগের পাইপলাইন সম্প্রসারণ করার মাধ্যমে, আমরা আরো প্রশস্ত ও আরো বেশি বৈচিত্র্যপূর্ণ একটি ট্যালেন্ট পুল অ্যাক্সেস করতে সক্ষম হয়েছি, যা সত্যি বলতে আমাদের প্রত্যাশাকে ছাড়িয়ে গেছে।"

এই সম্প্রসারণ কয়েক শতাধিক শিক্ষার্থীর জন্য শিক্ষানবিশ হিসেবে কাজ করার সুযোগ তৈরি করবে। প্রচলিত পদ্ধতিতে শিক্ষার্থীদেরকে একটি ব্যাচেলর ডিগ্রি প্রোগ্রামে স্থানান্তর হওয়ার দিকে নিয়ে যাওয়া অধিকতর ফাউন্ডেশনাল অ্যাসোসিয়েট ডিগ্রির তুলনায় এসব শিক্ষার্থীদের অধিকাংশই অ্যাসোসিয়েট অব অ্যাপ্লাইন সায়েন্স (associate of applied science, AAS) ডিগ্রি প্রোগ্রামে তালিকাভুক্ত রয়েছে, যেগুলো হলো গ্র্যাজুয়েশনের পরে সরাসরি একটি ক্যারিয়ারের পথে প্রবেশ করার জন্য শিক্ষার্থীদেরকে প্রস্তুত করার জন্য তৈরি করা দুই বছর মেয়াদী প্রোগ্রাম।

CUNY এটির শিক্ষার্থী ও গ্র্যাজুয়েটদের জন্য কর্মীদল উন্নয়নের উদ্যোগসমূহ সম্প্রসারণকে অগ্রাধিকার দিয়েছে। এসব প্রচেষ্টার মধ্যে CUNY অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি উদ্যোগের (CUNY Inclusive Economy Initiative) জন্য 16 মিলিয়ন ডলার বিনিয়োগের মাধ্যমে সরকারি-বেসরকারি অংশীদারিত্ব বৃদ্ধি করা; CUNY ফিউচার্স ইন ফাইন্যান্স (CUNY Futures in Finance)-এর মাধ্যমে শিক্ষার্থীদেরকে ফাইন্যান্সিয়াল ক্যারিয়ারের জন্য প্রশিক্ষণ প্রদান করা; এবং CUNY ক্যারিয়ার লঞ্চ (CUNY Career Launch)-এর মাধ্যমে গ্রীষ্মকালীন সময়ে শিক্ষার্থীদেরকে সরকারি খাতের ও অলাভজনক কর্মসংস্থানগুলোতে নিয়োগের ব্যবস্থা করা অন্তর্ভুক্ত রয়েছে। চ্যান্সেলর মাতোস রডরিগেজ বর্তমানে সিটির কর্মীদের ভবিষ্যত বিষয়ক টাস্ক ফোর্স (Future of Workers Task Force)-এর সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন, যে

টাস্ক ফোর্সটিকে মেয়র অ্যাডামস শিক্ষানবিশ হিসেবে কাজ করার সুযোগ সম্প্রসারণ করা সহ, কর্মীদল গড়ে তোলার উপায়সমূহ সন্ধান করার দায়িত্ব দিয়েছেন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন